

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩০১৫(আগরতলা ১৮।০৯)
পানিসাগর, ১৮ সেপ্টেম্বর, ২০২৩

পানিসাগর মহকুমা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ

শিক্ষা দপ্তরের উদ্যোগে গত ১৬ সেপ্টেম্বর পানিসাগর মহকুমা ভিত্তিক কিশোরী উৎকর্ষ মঞ্চ অনুষ্ঠানের আয়োজন করা হয়। পানিসাগর ব্লকের পদ্মবিল দ্বাদশমান বিদ্যালয়ে আয়োজিত অনুষ্ঠানের উদ্বোধন করেন বিধায়ক বিনয় ভূষণ দাস। অনুষ্ঠানের উদ্বোধন করে বিধায়ক বিনয় ভূষণ দাস বলেন, বর্তমান রাজ্য সরকার রাজ্যের শিক্ষার্থীদের সার্বিক বিকাশে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি রাজ্যের যুবক-যুবতীদের পড়াশুনার পাশাপাশি বিভিন্ন সামাজিক কাজে এগিয়ে আসার আহ্বান জানান। স্বাগত ভাষণ দেন পদ্মবিল দ্বাদশমান বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক রনধীর নাথ। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সদস্য মৌসুমী দেবনাথ, ডিসিএম গোবিন্দ দেববর্মা, পানিসাগর বিদ্যালয় পরিদর্শক সুজিত রুদ্রপাল, দামছড়ার বিদ্যালয় পরিদর্শক কৃতিসুন্দর দে প্রমুখ। এ উপলক্ষে ঐদিন মহকুমার অন্তর্গত বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের নিয়ে সঙ্গীত, নৃত্য, অঙ্কন সহ বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।
